

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৫২.২১-৮৪৩

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২


বিষয়: রিট পিটিশন নং ১২১৩৭/২০২১ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১২১৩৭/২০২১-এর ০৮/১২/২০২১ স্থিষ্টাব্দের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার ৪নং আওনা ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী জনাব মো: বেলাল হোসেন-এর দাখিলকৃত মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল হওয়ায় প্রার্থী সংশ্লিষ্ট হয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ সাত জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১২১৩৭/২০২১ দায়ের করেন। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬ (ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, জামালপুর।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২১৩৭/২০২১ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকারপক্ষে মামলা পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১২-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৬৫২.২১-৮৪৩/১(৫)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস
- ২) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১২-৫-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব